

সীমিত

সেনাসদর
সামরিক সচিবের শাখা
অফিসার্স রেকর্ড
ঢাকা সেনানিবাস

তারিখ: সামরিক ৩০৪২

২২ কার্তিক ১৪১৯

০৬ নভেম্বর ২০১২

২৩.০১.৯০১.০৫৭.২২.১৭৯.০১.০৬.১১.১২

সশস্ত্র বাহিনীর প্রাক্তন/অবসরপ্রাপ্ত সদস্যদের বয়োজ্যেষ্ঠ ভাতা (VETERAN ALLOWANCES) প্রদান প্রসঙ্গে

বরাত :

ক। সেনা কল্যাণ সংস্থা, সেনা কল্যাণ ভবন (২১তম তলা) ১৯৫, মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা পত্র নং এসকেএস/২০৫/কল্যাণ/০৭ তারিখ ১০ সেপ্টেম্বর ২০০৮ (সকলকে নহে)।

১। সেনা কল্যাণ সংস্থা সশস্ত্র বাহিনীর প্রাক্তন/অবসর প্রাপ্ত অফিসার যাদের বয়স ৭০ বা তদুর্ধ্ব তাদের মাসিক ১০০০/- (এক হাজার) টাকা করে বছরে এককালীন ১২,০০০/- টাকা বয়স্ক ভাতা প্রদান করছে। আপনার বয়স ৭০ বছর পূর্তি হলে বিষয়োল্লিখিত ভাতার জন্য সেনা কল্যাণ সংস্থার নির্ধারিত আবেদনপত্র সংগ্রহ এবং পূরণ করতঃ এক কপি ছবিসহ অত্র রেকর্ড (কোরো) অথবা প্রয়োজনীয় সনদপত্রসহ নিজস্ব জেলা সশস্ত্র বাহিনী বোর্ডে জমা করার জন্য অনুরোধ করা হলো। আবেদনপত্র অফিসার্স রেকর্ড, সেনা কল্যাণ সংস্থার প্রধান কার্যালয় এবং জেলা সশস্ত্র বাহিনী বোর্ডে পাওয়া যাবে। প্রসংগত উল্লেখ্য যে, উল্লেখিত ভাতা গ্রহণে অসম্মতি থাকলে বিষয়টি অত্র অফিসকে লিখিতভাবে জানানোর জন্য অনুরোধ করা হলো।

২। ভাতা মঞ্জুরী/অনুমোদনের পর মঞ্জুরীকৃত অর্থের চেক প্রাপ্তির পূর্বেই কোন ভাতাভোগী মৃত্যুবরণ করলে মঞ্জুরীকৃত ভাতা বরাত ক এর নীতিমালা অনুযায়ী সেনা কল্যাণ সংস্থা কর্তৃক বাজেয়াপ্ত হয়ে যাবে এবং মঞ্জুরীকৃত অর্থ উত্তরাধিকারীকে প্রদান করা যাবে না।

৩। অত্র রেকর্ড কর্তৃক ভাতা প্রাপ্তির পর অবিনিমেয় চেকের মাধ্যমে ভাতা প্রদান করা হবে যা অত্র রেকর্ড হতে সংগ্রহ করতে হবে।



জাহেদ আহমদ
মেজর
পক্ষে সামরিক সচিব

বিতরণ :

বহির্গমন :

কার্যক্রম :

(সংশ্লিষ্ট অবসরপ্রাপ্ত অফিসার)

অভ্যন্তরীণ:

অবগতি :

কল্যাণ ও পুনর্বাসন পরিদপ্তর